COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A. Programme 3rd Semester Examinations, 2022

BENGALI

মধ্যযুগের পদাবলী ও আধুনিক সনেট

DSC (GROUP-1)

সময় : ২ ঘণ্টা পূর্ণমান : ৪০

পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশ করে।
পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

১। নিম্নলিখিত যে-কোনো *দশটি* প্রশ্নের উত্তর দাওঃ ১×১০ = ১০

(ক) 'পদাবলী' শব্দটি কে প্রথম ব্যবহার করেন ?

(খ) 'রাধা'র প্রথম উল্লেখ পাই কোন্ গ্রন্থে ?

(গ) দুজন শাক্ত পদকর্তার নাম লেখো।

(ঘ) কবি রামপ্রসাদ সেনের জন্মস্থান কোথায় ?

(ঙ) বৈষ্ণব পদাবলীতে কয়টি রসের উল্লেখ আছে ?

(চ) 'শুকনা তরু মুঞ্জরে না' – পদটি কোন্ কবির লেখা ?

(ছ) 'আজু রজনী হাম' – পদটি কোন্ কবির লেখা ?

(জ) মধুসূদন তাঁর সনেটগুলি কোন্ শহরে বসে লিখেছিলেন ?

(ঝ) 'অভিসার' পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে ?

(ঞ) 'অভিনব জয়দেব' – কোন্ কবির উপাধি ?

(ট) 'জ্ঞানদাস' কোন্ পর্যায়ের শ্রেষ্ঠ কবি ?

(ঠ) প্রমথ চৌধুরীর দু'টি কাব্যের নাম লেখো।

(ড) সনেটের আদি কবি কে ?

(ঢ) শান্তরসের স্থায়ীভাবের নাম কি ?

২। নিম্নলিখিত যে-কোনো *একটি* বিষয়ে টীকা লেখোঃ ৫×১ = ৫

(ক) ব্যর্থ জীবন

(খ) কমলাকান্ত ভট্টাচার্য

(গ) পূর্বরাগ।

৩। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) শাক্ত পদাবলীর কবি রামপ্রসাদ সেনের কৃতিত্ব আলোচনা করো।

(খ) পূর্বরাগ ও অনুরাগের পার্থক্য নির্দেশ করো। পূর্বরাগ পর্যায়ের শ্রেষ্ঠ কবির কৃতিত্ব আলোচনা করো।

(গ) মধুসূদনের 'কবি' কবিতার ভাববস্তু ব্যাখ্যা করো।

৪। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) বৈষ্ণব পদাবলীকে কয়টি যুগপর্যায়ে ভাগ করা হয় ? প্রত্যেক যুগের বৈশিষ্ট্য আলোচনা করো।

(খ) শাক্ত পদাবলীতে বর্ণিত তৎকালের সমাজচিত্র আলোচনা করো।

(গ) প্রমথ চৌধুরীর 'বালিকা বধূ' কবিতার নামকরণের সার্থকতা আলোচনা করো।

——×——